



ঢাকা বিশ্ববিদ্যালয়
পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২০০০-৫৩০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগ-এর ১(এক)টি **ক্রাইম ল্যাব বিশেষজ্ঞ** শূন্য স্থায়ী পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাইক্রোবায়োলজি/জেনেটিক ইঞ্জিনিয়ারিং/বায়োকেমিস্ট্রি/এপ্লাইড কেমিস্ট্রি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। প্রার্থীকে সরকারী বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। ইতঃপূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং শিক্ষাগত যোগ্যতা, মার্কসিট ও প্রশংসাপত্র, কম্পিউটার প্রশিক্ষণ, অন্যান্য অভিজ্ঞতা ও যোগ্যতার (যদি থাকে) সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্ত দরখাস্ত আগামী ২০-০১-২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় (২০৩ নং কক্ষ)-এর নিকট পৌঁছাইতে হইবে।